



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

মোঃ মাকরুজ্জামান
উপপরিচালক
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০
ই-মেইল: prompa6@gmail.com
ওয়েব সাইট: www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদায় মোংলা বন্দরে মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন

মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। ১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার অর্জনের এই ঐতিহাসিক দিনটি স্মরণে আমরা গর্বিত। এ উপলক্ষ্যে বন্দরের জলযানসমূহ জাতীয় পতাকা ও বিভিন্ন পতাকা দিয়ে সুশোভিত করা হয়। রাত ১২ টা ০১ মিনিটে বন্দরে অবস্থানরত সকল জাহাজে এক মিনিট কাল বিরতিহীন হইসেল বাজানো হয়।

কার্যক্রমের অংশ হিসেবে বন্দর এলাকায় স্বাধীনতা স্তম্ভে ফুল দিয়ে শ্রদ্ধা জানান মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল শাহীন রহমান, সকল সদস্য, বিভাগীয় প্রধানগণ, বীর মুক্তিযোদ্ধাগণ, সিবিএ-সহ অন্যান্য কর্মরত-কর্মচারীগণ, মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড অফিস চত্বরে জাতীয় পতাকা এবং মুক্তিযোদ্ধা সংসদ পতাকা উত্তোলন করেন। সকাল দশটায় বন্দর সভাকক্ষে মোংলা বন্দরের অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও আলোচনা অনুষ্ঠানে চেয়ারম্যান রিয়ার এডমিরাল শাহীন রহমান জাতীয় জীবনে মহান বিজয় দিবসের নানান তাৎপর্য তুলে ধরেন। মোংলা বন্দর মাধ্যমিক বিদ্যালয়, মোংলা এবং পোর্ট মাধ্যমিক বিদ্যালয়, খুলনায় ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পরিশেষে, মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য কামনাসহ জাতির শান্তি, সমৃদ্ধি ও বন্দরের অগ্রগতি কামনা করে বন্দরের আওতাধীন সকল মসজিদ, মন্দির ও গীর্জায় বিশেষ মোনাজত/ প্রার্থনা করা হয়।

স্বাক্ষরিত/-

১৬/১২/২০২৪

উপপরিচালক

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।